আরবিআই 2013-14/411
ডিজিবিএ.সিডিডি.নং.3688/13.01.999/2013-2014

ডিসেম্বর 19, 2013

সভাপতি এবং পরিচালন অধিকর্তা
প্রধান কার্যালয় (সরকারি এ্যাকাউন্টস বিভাগ)
ভারতীয় স্টেট ব্যাঙ্ক এবং সহযোগী ব্যাঙ্কসমূহ
সমস্ত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড, এ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড
এবং স্টক হোল্ডিং কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড(এসএইচসিআইএল)

প্রিয় মহাশয় / মহাশয়া

**মুদ্রস্ফীতি সূচকযুক্ত জাতীয় সঞ্চয়পত্র-ক্রমপুঞ্জিত(ইনফ্লেশন ইনডেক্সড ন্যাশানল সেভিংস সিকিউরিটিজ-কিউমুলেটিভ, 2013)**

ভারত সরকার ডিসেম্বর 19, 2013 তারিখের তাদের বিজ্ঞপ্তি এফ.নং.4(16) ডব্লু ও এম / 2012 অনুযায়ী মুদ্রস্ফীতি সূচকযুক্ত জাতীয় সঞ্চয়পত্র-ক্রমপুঞ্জিত 2013 (“বন্ড”) জারি করার সিদ্ধান্ত নিয়েছে যা বলব হবে ডিসেম্বর 23, 2013 থেকে ডিসেম্বর 31, 2013 পর্যন্ত। ভারত সরকারের এই অধিকার আছে যে তারা এই ইস্যু ডিসেম্বর 31, 2013-এর আগেই বন্ধ করে দিতে পারে। এই বন্ড জারি করার শর্তাবলি নিম্নে বর্ণিত হলঃ

2. <u>বিনিয়োগের যোগ্যতা</u>

বন্ড নিতে পারেন –

i. অনাবাসী ভারতীয় নন, এমন কোন ব্যক্তিবিশেষ

ক) তার ব্যক্তিগত অধিকারে

খ) ব্যক্তিগত অধিকার অথবা যৌথ ভিত্তিতে

গ) ব্যক্তিগত অধিকারে যে কেউ অথবা উদ্বর্তক ভিত্তিতে

ঘ) নাবালকের ক্ষেত্রে পিতা/মাতা/বৈধ অভিভাবক হিসেবে

ii. অবিভক্ত হিন্দু পরিবার(এইচইউএফ)

iii. ক. কোন দাতব্য সংস্থা বলতে একটি কোম্পানি যা ভারতীয় কোম্পানি আইন 1956-এর ধারা 25-এর অধীনে পঞ্জীকৃত, অথবা

খ. এমন একটি সংস্থা যেটি আইন মোতাবেক একটি দাতব্য সংস্থা হিসেবে পঞ্জীকরণের প্রমাণপত্র প্রাপ্ত, অথবা

গ. এমন একটি সংস্থা যারা আয়কর কর্তৃপক্ষের থেকে আয়কর আইন,1961.-এর ধারা 80জি হেতু শংসাপত্র প্রাপ্ত

iv. ‘বিশ্ববিদ্যালয়’ বলতে কেন্দ্রীয়, রাজ্য বা প্রাদেশিক আইন কর্তৃক প্রতিষ্ঠিত অথবা নিগমিত এক বিশ্ববিদ্যালয়, যার মধ্যে ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন এ্যাক্ট, 1956 (1956 এর 3 )-এর ধারা 3-এর অধীনে ঘোষিত প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত এবং ওই আইনে নিহিত অর্থ অনুযায়ী সেটিকে একটি বিশ্ববিদ্যালয় হতে হবে।

## 3. বিনিয়োগের সীমা

প্রতি বছর প্রতি আবেদনকারী পিছু বন্ডে বিনিয়োগের নিম্নতম সীমা ₹5,000/- এবং সর্বোচ্চ সীমা ₹5,00,000/-

## 4. কর প্রয়োগ

আয়করঃ বন্ডের উপর সুদ আয়কর আইন, 1961-এর অধীনে করের আওতায় পড়বে, এবং সেটি বন্ডধারকের প্রাসঙ্গিক করদানের স্তর অনুযায়ী প্রযোজ্য হবে।

## 5. ইস্যুর মূল্য

i) বন্ডগুলি সমহারে জারি করা হবে, অর্থা শতকরা 100.00- তে
ii) বন্ডগুলি সর্বনিম্ন ₹5,000/-(অঙ্কিত মূল্য) এবং তার গুনিতকে জারি করা হবে। অতঃপর, ইস্যু মূল্য প্রতি ₹5,000/-(মুদ্রিত মূল্য) -এর জন্য ₹5,000/- হবে।

## 6. প্রযুক্তমূল্য

বন্ডের গ্রাহকমূল্য প্রদান নগদ/ড্রাফট/চেক/অনলাইন-ইন্টারনেট ব্যাঙ্কিং মাধ্যমে হবে। বিশেষভাবে নিম্নে অনুচ্ছেদ 10-এ যেমন বলা হয়েছে ব্যাঙ্কের(প্রাপক কার্যালয়)পক্ষে চেক অথবা ড্রাফট কাটা হবে, এবং সেটি আবেদন জমা করা হয়েছে যেখানে সেখানে প্রদানযোগ্য হবে।

## 7. জারি করার তারিখ

টাকা প্রাপ্তির / ড্রাফট/চেক আদায়ের তারিখ থেকে বন্ড জারি করা হবে, অর্থা লেজার এ্যাকাউন্ট খোলা হবে।

## 8. ফর্ম

i. বন্ড জারি হবে কেবল বন্ড লেজার এ্যাকাউন্ট রূপে এবং ধারকের পক্ষে তা একটি এ্যাকাউন্টে রাখা হবে যাকে **বন্ডস লেজার এ্যাকাউন্ট** (বিএলএ) বলা হয়।
ii. বন্ডগুলি শুধু বন্ডস লেজার এ্যাকাউন্ট রূপে জারি করা হবে এবং সেগুলি রিজার্ভ ব্যাঙ্কের কাছে থাকবে। যেমন ‘ফর্ম ১’-এ বলা হয়েছে,(সংলগ্নীকৃত), এগুলি ধারণ করার জন্য বন্ডস লেজার এ্যাকাউন্টে একটি শংসাপত্র বন্ডধারকের জন্য জারি করা হবে।

## 9.আবেদনপত্র

i) সংলগ্নীকৃত আবেদন ফর্মাটে বন্ডের জন্য আবেদন করা যাবে অথবা অথবা তার কাছাকাছি অন্য কোন রূপে আবেদন করা যাবে। আবেদনকারীর পুরো নাম এবং ঠিকানা স্পষ্টভাবে উল্লেখিত থাকা চাই।

ii) উপরে অনুচ্ছেদ 6-এ যেমন বলা হয়েছে আবেদনপত্রের সঙ্গে নগদ/ড্রাফট/চেক/ইন্টারনেট মাধ্যমে অনলাইন অর্থপ্রদান করতে হবে।

*নোটঃপ্রাধিকৃত ব্যাঙ্কগুলির দায়িত্ব কেওয়াইসি বিধি পালন সুনিশ্চিত করা। নথিভুক্তির এবং ভবিষ্যতে উল্লেখের জন্য প্রাধিকৃত ব্যাঙ্কগুলি প্রয়োজনীয় নথি ও আবেদনপত্রগুলি নিজেদের কাছে রাখবেন।*

## 10. প্রাপক কার্যালয়

বন্ড লেজার এ্যাকাউন্ট ফর্মে বন্ডের জন্য আবেদনপত্র গ্রহণ করা হবেঃ

ক. ভারতীয় স্টেট ব্যাঙ্ক, সহযোগী ব্যাঙ্ক, জাতীয়কৃত ব্যাঙ্ক, তিনটি বেসরকারি ব্যাঙ্ক (সেগুলি হল এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড, আইসি আইসিআই, এ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড এবং এসএইচসিআইএল-এর শাখাগুলিতে কাজের সময়সীমার মধ্যে।

খ. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক এই ব্যাপারে সময়ে সময়ে নির্দিষ্ট করা যে কোন ব্যাঙ্ক অথবা কোন ব্যাঙ্কের নির্দিষ্ট কিছু শাখায় অথবা এসএইচসিআইএল-এ।

## 11. নমিনেশন

I. বন্ডের কোন ধারক অথবা একমাত্র জীবিত ধারক, যদি তিনি কোন ব্যক্তিবিশেষ হন, এই নোটিফিকেশনের সংলগ্নীকৃত ফর্মে অথবা তারই অনুরূপ ফর্মে এক বা একাধিক ব্যক্তিকে নমিনি করতে পারেন, যাঁরা বন্ডধারকের মৃত্যু ঘটলে এই বন্ডের এবং তার অর্থের দাবিদার হবেন।

II. যে ক্ষেত্রে দুজন বা তার অধিক সংখ্যক নমিনিকে কোন অর্থপ্রদান করার থাকে এবং দুজনের কারও একজনের অর্থপ্রদানের সময়ের আগে মৃত্যু ঘটে, সেই ক্ষেত্রে বন্ডের উপর দাবি হবে জীবিত নমিনি বা নমিনিদের এবং তাদেঁরই যথাক্রমে অর্থপ্রদান করা হবে। বন্ডধারকের পূর্বে যদি কোন নমিনি বা নমিনিদের মৃত্যু হয়, সেই ক্ষেত্রে বন্ডধারক নতুন করে নমিনি স্থির করতে পারেন।

III. নাবালকের নামে জারি করা বন্ডের জন্য কোন নমিনি মনোনয়ন করা চলবে না।

IV. বন্ডধারক কর্তৃক মনোনীত নমিনি পরিবর্তন করা চলবে এবং নতুন নমিনি করা যাবে; অথবা প্রাপক কার্যালয়কে নোটিফিকেশনের সঙ্গে সংযুক্ত ফর্মে লিখিত বিজ্ঞপ্তির ভিত্তিতে নমিনি বাতিল করা যাবে।

V. প্রাধিকৃত ব্যাঙ্ক কর্তৃক প্রতিটি নমিনেশন এবং প্রতিটি বাতিলকরণ অথবা পরিবর্তন ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কে নথিভুক্ত করা যাবে এবং সেটি কার্যকর হবে নথিভুক্ত করার তারিখ থেকে।

VI. নমিনি যদি নাবালক হন, বন্ডধারক কোন ব্যক্তিকে নিয়োগ করতে পারেন বন্ড/বকেয়া অর্থ গ্রহণ করার জন্য যদি নমিনির নাবালক বয়সে মৃত্যু ঘটে।

## 12. হস্তান্তরণ

বন্ডধারকের (কেবলমাত্র ব্যক্তিবিশেষ) মৃত্যুতে বন্ড লেজার এ্যাকাউন্ট রূপে বন্ড নমিনির কাছে হস্তান্তরিত হবে।

## 13. সুদ

বন্ডের উপর সুদের বার্ষিক হার হবে - 1.5%(স্থির)+চূড়ান্ত সমন্বিত উপভোক্তা মূল্য সূচকাঙ্ক [(সিপিআই)ভিত্তিঃ2010 = 100]-এর ভিত্তিতে গণনা করে নির্ধারিত মুদ্রাস্ফীতির হার। বর্ধিত মুদ্রাস্ফীতি হার গণনা করার জন্য চূড়ান্ত সমন্বিত সিপিআই গ্রহণ করা হবে তিন মাসের অন্তরে (অর্থা সেপ্টেম্বরের জন্য চূড়ান্ত সমন্বিত সিপিআই প্রযুক্ত হবে ডিসেম্বরের সমস্ত দিনগুলির ক্ষেত্রে)। সুদ ছয় মাস অন্তর চক্রবৃদ্ধি হারে গণনা হবে এবং মেয়াদপূর্তি হলে মূলের সঙ্গে প্রদেয় হবে।

## 14. অগ্রিম/বন্ড কেনাবেচা

সেকেন্ডারি মার্কেটে বন্ড লেনদেন হবে না। ব্যাঙ্ক, আর্থিক সংস্থা এবং নন্-ব্যাঙ্কিং ফিনান্সিয়াল কোম্পানি(এনবিএফসি)থেকে ঋণ নেবার ক্ষেত্রে এই বন্ড জামিন হিসেবে রাখা যাবে। প্রাধিকৃত ব্যাঙ্ক এই ব্যাপারে ধারক আরবিআই-এর কাছে পূর্বস্বত্ব অর্পণ করবে।

## 15. পরিশোধ

i. জারি করার দিন থেকে 10 (দশ) বছরের শেষে বন্ডগুলি পরিশোধ করতে হবে। প্রাধিকৃত ব্যাঙ্ক বন্ডের মেয়াদপূরণের বিষয়টি বিনিয়োগকারীকে মেয়াদপূর্তির এক মাস পূর্বে জানাবে এবং তাকে পরিচয়পত্র দিতে বলবে এবং এনইএফটি/এনইসিএস এ্যাকাউন্টের বিশদ বিবরণ প্রাধিকৃত ব্যাঙ্ককে জানাতে বলবে। সমস্ত কিছু ঠিকঠাক থাকলে মেয়াদপূর্তির পাঁচ দিনের মধ্যে বিনিয়োগকারী পেয়ে যাবেন।

ii. বরিষ্ঠ নাগরিকদের অর্থা 65 অথবা তারো বেশি বয়সের মানুষদের মেয়াদপূর্তির পূর্বে পরিশোধ করা হয় কিন্তু জারি করার দিন থেকে

এক বছর ধরে রাখার পর। অন্যান্যদের ক্ষেত্রে 3 (তিন) বছর ধরে রাখার পর, যদিও শেষ প্রদত্ত কুপনের 50% হারে অর্থদণ্ডসহ। কেবলমাত্র কুপন দেওয়ার দিনেই মেয়াদপূর্ব পরিশোধ দেওয়া হয়ে থাকে।

## 16. <u>পরিচালনা করার জন্য মাশুল</u>

বিনিয়োগকারীর থেকে প্রাপ্ত গ্রাহকমূল্যের জন্য পরিচালনার খাতে প্রতি ₹100.00-এর উপর ₹1.00 (এক টাকা মাত্র)প্রাধিকৃত ব্যাঙ্কগুলিকে দেওয়া হবে।

আপনার বিশ্বস্ত

(সঙ্গীতা লালওয়ানি)
মহাপ্রবন্ধক
সংলগ্নীঃ উপরোক্ত অনুযায়ী